119

ভোরের কাগজ

তারিখ 25 MAR 1998
পৃষ্ঠা ৭ কলাম ৫

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রটি গেলো কোথায়?

**তরুণ সরকার :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র নামে একটি কাগুজে গবেষণা কেন্দ্রের নাম পাওয়া গেছে। বার্ষিক বাজেট বইয়ে এর জন্য অর্থ বরাদ্দ ছাড়া এই গবেষণা কেন্দ্রের আর কোনো অস্তিত্ব পাওয়া যায়নি।

দাপ্তরিক কর্মকাণ্ডের জন্য বিশ্ববিদ্যালয়ের প্রায় সকল গবেষণা কেন্দ্রেরই কার্যালয় থাকে। কিন্তু বাংলাদেশ মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের কোনো কার্যালয় বিশ্ববিদ্যালয়ে পাওয়া যায়নি। গত দুদিন বিশ্ববিদ্যালয়ে ব্যাপক অনুসন্ধান চালানোর পরও এই কেন্দ্রের পরিচালকের নাম জানা যায়নি। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, রেজিস্ট্রার, উপরেজিস্ট্রার ও সিনিয়র অধ্যাপকদের সঙ্গে যোগাযোগ করে এ বিষয়ে কোনো তথ্য পাওয়া যায়নি।

বিশ্ববিদ্যালয়ের বার্ষিক বাজেট বইয়ে শুধুমাত্র এই গবেষণা কেন্দ্রের অস্তিত্ব পাওয়া গেছে। ১৯৯৬-৯৭ অর্থ বছরে বাংলাদেশ মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের জন্য বরাদ্দ হয়েছিল ৫ লাখ টাকা এবং বর্তমান অর্থ বছরে বরাদ্দ করা হয়েছে ৫ লাখ টাকা।

কয়েকটি সূত্র থেকে জানা যায়, আড়াই বছর আগে সাবেক উপাচার্যের আমলে এই গবেষণা কেন্দ্রটি প্রতিষ্ঠা করা হয়েছিল। আন্তর্জাতিক সম্পর্ক, রাষ্ট্র বিজ্ঞান, ইতিহাস, সাহিত্যসহ বিভিন্ন দিক থেকে মুক্তিযুদ্ধ নিয়ে গবেষণা করাই ছিল এই কেন্দ্র প্রতিষ্ঠার উদ্দেশ্য। প্রতিষ্ঠার সময় বলা হয়েছিল, এমফিল, পিএইচডি গবেষণা এবং সেমিনার-সিম্পোজিয়াম আয়োজন করবে এই গবেষণা কেন্দ্র। সূত্রসমূহের মতে, এই গবেষণা কেন্দ্রের পরিচালকসহ একটি কমিটিও ঘোষণা করা হয়েছিল। এই কমিটি ঘোষণার পরই অজ্ঞাত কারণে এর কাজ আর এগোয়নি।

এ ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বাংলাদেশ মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের অস্তিত্বের কথা স্বীকার করেন। তবে গত দুদিন কয়েকবার তার সঙ্গে যোগাযোগ করা হলেও ব্যস্ততার জন্য ফাইলপত্র থেকে এই গবেষণা কেন্দ্রের পরিচালকের নামসহ অন্য তথ্যাদি দিতে পারেননি।